

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

বিষয়: জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষ্যে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থার অংশগ্রহণে শোক সভা আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : কে এম খালিদ, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৩ আগস্ট ২০২৩, বেলা ১২.০০টা
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং ভারুয়াল
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে আগামী ২৯ আগস্ট ২০২৩ তারিখ বাংলাদেশ জাতীয় জাদুঘরে শোকসভা আয়োজন করা হবে। সভাপতির অনুমতিক্রমে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, শোক সভায় মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন যে, মন্ত্রণালয়ের উদ্যোগে গত ১৫ আগস্ট ২০২৩ তারিখ বেলা ১২.০০টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরে কুরআন খানি ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

০২. সভায় বিস্তারিত আলোচনা শেষে শোক সভা আয়োজনের বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমিক	সিদ্ধান্তসমূহ
২.১	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শোক দিবস ২০২৩ এর শোক সভা আগামী ২৯ আগস্ট ২০২৩ তারিখ বিকাল ৪.০০টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব মিলনায়তনে অনুষ্ঠিত হবে;
২.২	শোক সভায় মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারীকে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। এ বিষয়ে প্রশাসন-২ শাখা প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
২.৩	শোক সভায় মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধানগণ আলোচনা করবেন; এবং
২.৪	সাংস্কৃতিক অনুষ্ঠানের কবিতা আবৃত্তির জন্য জনাব আসাদুজ্জামান নূর, মাননীয় সংসদ সদস্য-কে আমন্ত্রণ জানাতে হবে এবং কবি কামাল চৌধুরী রচিত “টুঞ্জিপাড়া গ্রাম থেকে” শীর্ষক কবিতা আবৃত্তির জন্য জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে পুরস্কারপ্রাপ্ত দুই জন শিশু শিল্পীকে আমন্ত্রণ জানাতে হবে।

শিশু শিল্পীদের আমন্ত্রণের বিষয়ে পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.৮.২৩
কে এম খালিদ, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং- ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৯.২৩. ০২৭


তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০
২৯ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৫. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরে-বাংলা নগর, ঢাকা;
৬. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
৯. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
১০. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা;
১২. উপসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১৪. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনাগাঁও, নারায়ণগঞ্জ;
১৫. সিনিয়রসহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৭. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৮. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৯. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
২০. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাজশাহী;
২১. উপ-পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী; এবং
২২. উপ-পরিচালক, মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
৪. অফিস কপি।



আইরীন ফারজানা

উপসচিব

ফোন-৫৫১০১১৬৫

ইমেইল: event.section@moca.gov.bd